গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.০৪.০০২.০২.(অংশ)-১০১৬

তারিখ : ০৬ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ
২১ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয় : সরকারি/ বেসরকারি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়সমূহের ২০২১ শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি অনুমোদন।**

সূত্র : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-ওএম/১৮৮-সম/২০০২/-২৫৫; তারিখ: ২৪.১১.২০২০ খ্রিস্টাব্দ।

উপযুর্ক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি/ বেসরকারি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়সমূহের ২০২১ শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি সরকার নিম্নোক্তভাবে অনুমোদন করেছে:

| ক্রমিক | পর্বের নাম | তারিখ ও দিন | তারিখ বঙ্গাব্দ | দিন সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | * মাঘী পূর্ণিমা | ২৮ জানুয়ারি, বৃহস্পতিবার, ২০২১ | ১৪ মাঘ, ১৪২৭ | ০১ দিন |
| ২. | শ্রী শ্রী সরস্বতী পূজা | ১৬ ফেব্রুয়ারি, মঙ্গলবার, ২০২১ | ০৩ ফাল্গুন, ১৪২৭ | ০১ দিন |
| ৩. | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি, রবিবার, ২০২১ | ০৮ ফাল্গুন, ১৪২৭ | ০১ দিন |
| ৪. | শ্রী শ্রী শিবরাত্রি ব্রত | ১১ মার্চ, বৃহস্পতিবার ২০২১ | ২৬ ফাল্গুন, ১৪২৭ | ০১ দিন |
| ৫. | * শব-ই-মিরাজ | ১২ মার্চ, শুক্রবার, ২০২১ | ২৭ ফাল্গুন, ১৪২৭ | ০০ দিন |
| ৬. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম দিবস | ১৭ মার্চ, বুধবার, ২০২১ | ০৩ চৈত্র, ১৪২৭ | ০১ দিন |
| ৭. | স্বাধীনতা ও জাতীয় দিবস | ২৬ মার্চ, শুক্রবার, ২০২১ | ১২ চৈত্র, ১৪২৭ | ০০ দিন |
| ৮. | শুভ দোলযাত্রা | ২৮ মার্চ, রবিবার, ২০২১ | ১৪ চৈত্র, ১৪২৭ | ০১ দিন |
| ৯. | * শব-ই-বরাত | ২৯ মার্চ, সোমবার, ২০২১ | ১৫ চৈত্র, ১৪২৭ | ০১ দিন |
| ১০. | ইস্টার সানডে | ০৪ এপ্রিল, রবিবার, ২০২১ | ২১ চৈত্র, ১৪২৭ | ০১ দিন |
| ১১. | বৈসাবি | ১২ এপ্রিল, সোমবার, ২০২১ | ২৯ চৈত্র, ১৪২৭ | ০১ দিন |
| ১২. | * পবিত্র রমজান, বাংলা নববর্ষ (১৪ এপ্রিল), মে দিবস (১ মে), * জুমাতুল বিদা (০৭ মে), * শব-ই-কদর (১০ মে), * ঈদ-উল-ফিতর (১৪ মে) | ১৪ এপ্রিল, বুধবার থেকে ১৯ মে বুধবার, ২০২১ | ০১ বৈশাখ থেকে ০৫ জ্যৈষ্ঠ, ১৪২৮ | ৩১ দিন |
| ১৩. | * বুদ্ধ পূর্ণিমা (বৈশাখি পূর্ণিমা) | ২৬ মে, বুধবার, ২০২১ | ১২ জ্যৈষ্ঠ, ১৪২৮ | ০১ দিন |
| ১৪. | * পবিত্র ঈদ-উল-আযহা (২০, ২১ ও ২২ জুলাই) ও গ্রীষ্মকালীন অবকাশ | ১৭ জুলাই, শনিবার থেকে ২৯ জুলাই, বৃহস্পতিবার, ২০২১ | ০২ শ্রাবণ থেকে ১৪ শ্রাবণ, ১৪২৮ | ১২ দিন |
| ১৫. | * হিজরী নববর্ষ | ১০ আগস্ট, মঙ্গলবার, ২০২১ | ২৬ শ্রাবণ, ১৪২৮ | ০১ দিন |
| ১৬. | জাতীয় শোক দিবস | ১৫ আগস্ট, রবিবার, ২০২১ | ৩১ শ্রাবণ, ১৪২৮ | ০১ দিন |
| ১৭. | * আশুরা | ১৯ আগস্ট, বৃহস্পতিবার, ২০২১ | ০৪ ভাদ্র, ১৪২৮ | ০১ দিন |
| ১৮. | শুভ জন্মাষ্টমী | ৩০ আগস্ট, সোমবার, ২০২১ | ১৫ ভাদ্র, ১৪২৮ | ০১ দিন |
| ১৯. | * আখেরী চাহার সোম্বা | ০৬ অক্টোবর, বুধবার, ২০২১ | ২১ আশ্বিন, ১৪২৮ | ০১ দিন |
| ২০. | দুর্গাপূজা (বিজয়া দশমী ১৫ অক্টোবর), * ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) (১৯ অক্টোবর), শ্রী শ্রী লক্ষ্মীপূজা (২০অক্টোবর), * প্রবারণা পূর্ণিমা (২০ অক্টোবর) | ১১ অক্টোবর, সোমবার থেকে ২০ অক্টোবর, বুধবার, ২০২১ | ২৬ আশ্বিন থেকে ০৪ কার্তিক, ১৪২৮ | ০৯ দিন |
| ২১. | শ্রী শ্রী শ্যামা পূজা | ০৪ নভেম্বর, বৃহস্পতিবার, ২০২১ | ১৯ কার্তিক, ১৪২৮ | ০১ দিন |
| ২২. | * ফাতেহা-ই-ইয়াজদাহম | ১৭ নভেম্বর, বুধবার, ২০২১ | ০২ অগ্রহায়ণ, ১৪২৮ | ০১ দিন |
| ২৩. | শীতকালীন অবকাশ, বিজয় দিবস (১৬ ডিসেম্বর) যিশু খ্রিস্টের জন্মদিন (বড় দিন, ২৫ ডিসেম্বর) | ১৫ ডিসেম্বর, বুধবার থেকে ২৯ ডিসেম্বর, বুধবার, ২০২১ | ৩০ অগ্রহায়ণ থেকে ১৪ পৌষ, ১৪২৮ | ১৩ দিন |
| ২৪. | প্রধান শিক্ষকের সংরক্ষিত ছুটি | | | ০৩ দিন |
| | | | মোট= | ৮৫ দিন |

*** চাঁদ দেখার উপর নির্ভরশীল।**

চলমান পাতা-০২

## পরীক্ষার সময়সূচি-২০২১ খ্রিস্টাব্দ

| পরীক্ষার নাম | তারিখ | দিন সংখ্যা | ফলাফল প্রকাশ |
|---|---|---|---|
| অর্ধ বার্ষিক/প্রাক নির্বাচনী পরীক্ষা | ১২ জুন, ২০২১ শনিবার থেকে ২৪ জুন, ২০২১ বৃহস্পতিবার পর্যন্ত | ১২ দিন | ১০ জুলাই, শনিবার, ২০২১ |
| নির্বাচনী পরীক্ষা | ২৬ সেপ্টেম্বর, ২০২১ রবিবার থেকে ১০ অক্টোবর, ২০২১ রবিবার পর্যন্ত | ১২ দিন | ০৬ নভেম্বর, শনিবার, ২০২১ |
| বার্ষিক পরীক্ষা | ২৮ নভেম্বর, ২০২১ রবিবার থেকে ১১ ডিসেম্বর, ২০২১ শনিবার পর্যন্ত | ১২ দিন | ৩০ ডিসেম্বর, বৃহস্পতিবার,২০২১ |

১. শিক্ষাবর্ষ হবে ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ পর্যন্ত। সরকার ঘোষিত নির্দেশনার আলোকে পাঠ্যপুস্তক বিতরণ করতে হবে।

২. উল্লিখিত পরীক্ষার সময়সূচি অনুযায়ী অর্ধ-বার্ষিক পরীক্ষা, নির্বাচনী পরীক্ষা ও বার্ষিক পরীক্ষা গ্রহণ নিশ্চিত করতে হবে এবং বার্ষিক পরীক্ষার উত্তরপত্র অন্তত ১ (এক) বছর সংরক্ষণ করতে হবে। প্রতি পরীক্ষার সময়কাল ১৪ দিনের বেশি হবে না।

৩. স্ব-স্ব বিদ্যালয় পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতিত) নিজেরাই প্রণয়ন করবেন। কোনো অবস্থাতেই অন্য কোনো উৎস থেকে সংগৃহিত প্রশ্নপত্রে পরীক্ষা নেয়া যাবে না।

৪. পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোনো বিশেষ কারণে পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

৫. সাপ্তাহিক ছুটি (শুক্রবার) ব্যতিত বছরে মোট ছুটি ৮৫ দিন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যে সকল দিনকে সাধারণ ছুটি (পাবলিক হলিডে) এবং নির্বাহী আদেশে সরকারি ছুটি ঘোষণা করা হবে সে সকল দিন উক্ত ৮৫ দিনের অন্তর্ভূক্ত হবে।

৬. কোনো সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে বিদ্যালয় ছুটি দেয়া যাবেনা এবং সংবর্ধনা/ পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবে না। সংবর্ধিত/ পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।

৭. ছুটিকালীন সময়ে অনুষ্ঠেয় ভর্তি/অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে বিদ্যালয় খোলা রাখতে হবে।

৮. উপবৃত্তি, ভর্তি পরীক্ষা, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা/ জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা ইত্যাদি প্রয়োজনে বিদ্যালয় খোলা রাখতে হবে।

৯. জেএসসি/ এসএসসি পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্র ব্যতিত অন্যান্য বিদ্যালয়সমূহে যথারীতি শ্রেণী কার্যক্রম চালু থাকবে।

১০.প্রত্যেক বিদ্যালয়ে ‘দৈনিক পাঠ বিবরণী’ নামে ডায়েরি ছাপাতে হবে এবং শিক্ষাবর্ষের শুরুতেই শিক্ষার্থীদের মধ্যে তা বিতরণ করতে হবে। এ ডায়েরিতে ছাত্র/ ছাত্রী পরিচিতি, অভিভাবকদের প্রতি পরামর্শ, ছাত্র/ ছাত্রীদের আচরণবিধি, শিক্ষকদের নাম ও শিক্ষাগত যোগ্যতা, ধর্মীয় ও নৈতিক শিক্ষার জরুরি নির্দেশনাবলী, ছুটির তালিকা এবং ক্লাস রুটিন (এতে প্রতিদিন অভিভাবকদের স্বাক্ষর নিতে হবে) অন্তর্ভূক্ত থাকবে।

১১. জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ দিবস যথা: ২১ ফেব্রুয়ারি, ১৭ মার্চ, ২৬ মার্চ, ১৫ আগস্ট ও ১৬ ডিসেম্বর ক্লাস বন্ধ থাকবে। তবে সংশ্লিষ্ট দিবসের বিষয়ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে বিদ্যালয়ে দিবসটি উদ্‌যাপন করতে হবে।

১২. প্রতিটি বিদ্যালয়ে সরকার কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা আয়োজন ও শিক্ষা সপ্তাহ পালন করতে হবে।

(মোহাম্মদ আলমগীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪৫৯৭৪

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

**অনুলিপি :**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৮.৩১.০০১.২০.৩৫৯ ওএম/১৮৮-সম/২০০২/৩৩০

তারিখ: ০৮ পৌষ ১৪২৭
২৩ ডিসেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ/কুমিল্লা অঞ্চল। (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)

০২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা/--------------------------------------------------------------------------------।
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)

০৩। জেলা শিক্ষা অফিসার (সকল জেলা। (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)

০৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)। (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)

০৫। সংরক্ষণ নথি।

২৩.১২.২০২০

(মো. আমিনুল ইসলাম টুকু)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
☎ ৯৫৬১২৫৪
Email: addshesecondary1@gmail.com

২৩.১২.২০২০